

ISSN 2349-5278

পূর্ব মেদিনীপুর নন্দীগ্রাম থেকে প্রকাশিত

# শ্রেষ্ঠ

মার্চ ২০২১ | ফাল্গুন ১৪২৭

গল্প লেখার গল্প



সম্পাদক  
রাজকুমার আচার্য

আমন্ত্রিত সম্পাদক  
বনমালী মাল

গল্প লেখার গল্প  
ও

গল্প বিষয়ক আলোচনা

ISSN 2349-5278

পূর্ব মেদিনীপুর নন্দীগ্রাম থেকে প্রকাশিত

# শ্রেত

মার্চ. ২০২১

সূচি

২১ বর্ষ

## গল্প লেখার গল্প

আনসারউদ্দিন

সাহিত্যের কানাগলিতে— এক লেখকের আর্তনাদ ৫

সঙ্গীব নিরোগী

গল্প বলার অদৃশ্য চিহ্ন ১৫

সুকান্তি দত্ত

অশান্তি যে আঘাত করে ২০

শুভংকর শুহু

ফেরা বা না ফেরার জন্য ২৪

সৌমনা দাশগুপ্ত

তৃষ্ণি সান্ত্বার সঙ্গে একটি বিকেল ৩২

তত্ত্বী হালদার

আমার কিছু বলার ছিল ৩৯

মৃগাঙ্ক ভট্টাচার্য

বনভূমির থেকে আমাকে বেশী টানে মনোভূমি ৪৩

সৌগত বালী

লেখতাড়ুয়া ৪৯

রিপন হালদার

মোরগের গলা থেকে ফিনকি দিচ্ছে ওড়না ৫১

# হামিরউদ্দিন মিদ্যা

## যেভাবে একটি বীজের অঙ্কুরোদগম ঘটল ৫৬

### গল্প বিষয়ক আলোচনা

#### বিশ্বজিৎ মাইতি

একটি ভারতীয় প্রেক্ষিত ও মহাশ্বেতা দেবীর সাহিত্য ৬৪

#### বিশ্বজিৎ অধিকারী

আনসারউদ্দিনের গল্প: খেতখামারের কথকতা ৭০

#### অশোককৃষ্ণ চট্টোপাধ্যায়

রাষ্ট্রের শক্রমিত্র, ব্যক্তি-অবস্থান ও দু'টি বাংলা ছোটগল্প ৮১

#### চন্দনকুমার কুণ্ঠ

'মতিজানের মেয়েরা': সেলিনা হোসেনের গল্পে

নারীর প্রতিবাদের এক ভিন্ন রূপ ৯০

#### শুভদীপ নায়ক

সাহিত্যের বিকাশধারা : গল্প ও ছোটগল্প ৯৬

#### রাজকুমার আচার্য

অভ্যাসের বিপরীতে হাঁটে নবারূপের গল্প ১০১

উপদেষ্টা: বিশ্বজিৎ মাইতি

আমন্ত্রিত সম্পাদক: বনমালী মাল

প্রচ্ছদ: ভগীরথ সর্দার

মূল্য: একশত কুড়ি টাকা

সম্পাদক: রাজকুমার আচার্য

মোবাইল: ৯৭৩৩৮৭১৩৬০, ৯৭৩২৪৭১১০২

ইমেইল: [rajkumar.acharya1982@gmail.com](mailto:rajkumar.acharya1982@gmail.com)

গ্রাম ও ডাকঘর: ভেঙ্গুটিয়া, থানা: নদীগ্রাম, পূর্ব মেদিনীপুর-৭২১৬৫৬, পশ্চিমবঙ্গ, ভারত  
থেকে জয়শ্রী আচার্য কর্তৃক প্রকাশিত। বাণী প্রেস, কলকাতা থেকে মুদ্রিত।

## রাষ্ট্রের শক্রমিত্র, ব্যক্তি-অবস্থান ও দু'টি বাংলা ছেটগল্প অশোককৃষ্ণ চট্টোপাধ্যায়

দেশপ্রেম। শিল্প-সাহিত্যের চিরায়ত বিষয়। গৌরবগাথায় বীররসের স্পন্দন, পাঠককুলকে আকৃষ্ট করে এসেছে চিরকাল। বিপরীতে আছে দেশদ্রোহীর কথা। যা পাঠককে বিপরীত প্রতিক্রিয়ায় নিয়ে যায়। যা অবশ্য সাহিত্যের সার্থকতা। যদিও, দেশপ্রেম আর দেশদ্রোহ সবসময় সরলভাবে বিচার্য নয়। কোন রাষ্ট্রের বক্তু বা শক্র এবং বক্তুদেশ বা শক্রদেশ তাও পরিবর্তনশীল এবং জটিল সম্পর্কের উপর নির্ভর করে। সম্পর্কের স্তরান্তর, সম্পর্কের উত্থানপতনে ব্যক্তিমানুষের অবস্থানের ক্ষেত্রেও দ্বিধা-দ্বন্দ্ব থেকে যায়। কারণ মানবমনের চলন রাষ্ট্রনীতির কারণে কোন দ্রুতপরিবর্তনশীল রাজনৈতিক সম্পর্কের চলনের সঙ্গে একই গতিতে প্রবাহিত নাও হতে পারে। দ্রষ্টার মতাদর্শ, বিশ্বাস, আবেগ, ক্ষোভ, ঘৃণা, অন্ধক - এসবের উপরেও নির্ভর করে শক্রমিত্রের ধারণা। রাষ্ট্রনেতার বিরুদ্ধে প্রতিবাদ, বিপ্লব বা বিদ্রোহ কী রাষ্ট্রের বিরুদ্ধেও বিদ্রোহ - এই নিয়েও বহু মতবাদ, অবস্থান উঠে আসে। দুই বিপরীত মনের মানুষের পরিবর্তিত অবস্থান যেমন ক্ষমতার সঙ্গে সম্পর্কিত হতে পারে, তেমনি রাষ্ট্রের সঙ্গে ব্যক্তির সম্পর্কও ক্ষমতাচাপের উপর নির্ভর করে। সে কারণে রাষ্ট্র-ব্যক্তির সম্পর্ক যেমন পরিবর্তনশীল, তেমনি শক্রমিত্রের ধারণাও আপেক্ষিক। ব্যক্তি-রাষ্ট্র-জাতি-সমাজের এই আততি ধরা পড়ে সাহিত্যিকদের ভাবনাতেও। কোথাও শিল্পের খাতিরে, কোথাও মানবকল্যাণের বৃহত্তর প্রেক্ষাপটে। লেখকদের রচনায় এই আন্তঃংদেশীয় সম্পর্কের স্তরান্তর, উত্থানপতন অনেকসময় বিষয় হিসেবে উঠে আসে। বাংলা কথাসাহিত্যও রাষ্ট্র, নাগরিক আর শক্রমিত্রের বিষয়টি নানাভাবে কাজ করেছে।